



32

**১০ দফা আদায়ের লক্ষ্যেই একক প্যানেল**  
— ছাত্র সংগ্রাম পরিষদ  
(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
কেন্দ্রীয় ছাত্রসংগ্রাম পরিষদ গতকাল (বুধবার) এক সাংবাদিক সম্মেলনে ছাত্রদের ১০-দফা দাবী আদায়ের সংগ্রামকে জোরদার করার জন্য ডাকসু নির্বাচনে পরিষদ মনোনীত প্রার্থীদের ভোট দেওয়ার আহ্বান জানাইয়াছেন। ডাকসু (শেষ পৃ: ৭-এর ক: স্র:)

**ছাত্র সংগ্রাম পরিষদ**  
(১০-দফা আদায়ের লক্ষ্যেই একক প্যানেল)  
ভবনে আয়োজিত এই সাংবাদিক সম্মেলনে বলা হয়, স্বৈরাচার ও সাম্প্রদায়িকতা বিরোধী আন্দোলনকে বেগবান করার জন্য ছাত্র সংগ্রাম পরিষদ নির্বাচনে অংশ নিয়াছে। সাংবাদিক সম্মেলনে পরিষদ মনোনীত প্রার্থীদের পরিচয় করাইয়া দেওয়া হয়। সাংবাদিক সম্মেলনে সকল হলে একক প্যানেল গঠনের ঘোষণা দেওয়া হইলেও চূড়ান্ত তালিকা উপস্থাপন করা হয় নাই। পরিষদ মনোনীত সহ-সভাপতি জুলতান মোহাম্মদ মনসুর, সাধারণ সম্পাদক নুশতাক হোসেন, ছাত্রনেতা তাহের উল্লাহ, মোস্তফা ফারুক ও নাজমুল হক প্রধান সাংবাদিক সম্মেলনে বক্তৃতা করেন।

**ছাত্রদল**  
ছাত্রদের 'দুদ-রিপন' পরিষদ গতকাল ক্যাম্পাসে মিছিল বাহির করে। মিছিলটি কলাভবন হইতে শুরু হইয়া কার্জন হন, শহীদ মিনার এলাকা প্রদক্ষিণের পর ময়ূর কেবিনে শেষ হয়। এদিকে কর্তৃপক্ষ ডাকসু নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করিয়াছে। বাছাইয়ের পর ১৮৪ জন প্রার্থী ডাকসু নির্বাচনে প্রতিদ্বন্দিতার সুযোগ পাইয়াছেন। ১৩টি হলে ১৫৬টি পর্বে ২৫৩ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করিতেছেন।